**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

এবং

সচিব
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠানং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র - | |
| প্রস্তাবনা | |
| কর্মসম্পাদনপরিকল্পনা | |
| সেকশন-১ : রুপকল্প,অভিলক্ষ্য,কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ ও কার্যাবলি | |
| সেকশন-২ : বিভিন্ন কার্যক্রমের ফলাফল / প্রভাব | |
| সেকশন-৩ : কর্মসম্পাদন পরিকল্পনা | |
| সংযোজনী ১ :শব্দসংক্ষেপ | |
| সংযোজনী ২ : কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | |
| সংযোজনী ৩ : অন্যঅফিসেরসঙ্গেসংশ্লিষ্টকর্মসম্পাদনসূচকসমূহ | |
| সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা,২০২৪-২০২৫ | |
| সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা.২০২৪-২০২৫ | |
| সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ | |
| সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ | |
| সংযোজনী ৮ : তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ | |
| | |

প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণএবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প-২০৪১এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের -------------------------------- তারিখে এই বার্ষিক চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা :**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :**

বিগত ৩ বছরে ৩৮টি কারাগারে ৩৯টি ট্রেডের আওতায় কারাবন্দিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কারা বন্দিদের জন্য ৬৮ টি কারাগারে পিসিতে অনলাইনে টাকা প্রদানের কার্যক্রম চালু করা হয়েছে। কারাগারে আটক মাদকাসক্ত ৪৮৬২৮ জন বন্দিকে বিশেষ /চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ৫০ টি কারাগারে বিশেষ ওয়ার্ড চালু করা হয়েছে। কারাগারে ২৯১৭ টি কাউন্সেলিং কার্যক্রম করা হয়েছে। কারাবন্দিদের উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% বন্দিদের প্রদানের ব্যবস্থা চলমান রয়েছে। এ ব্যবস্থায় ৩৩টি কারাগারে বর্তমান উপকারভোগীর সংখ্যা৪৩৬০৭ জন। কারা বন্দিদের টেলিফোনে কথা বলার সুযোগ সৃষ্টির লক্ষ্যে ২৮টি কারাগারে মোবাইল ফোন বুথ চালু করা হয়েছে। কারাগারে ধারণ ক্ষমতা ৪২৮৬৬ জনে উন্নীত করা হয়েছে। খুলনা জেলা কারাগার নির্মান কাজ ৯১%, নরসিংদী -৬৯%,জামালপুর-১১.৮০%,কুমিল্লা -৩৭%,ময়মনসিংহ ৪৫%,পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস,ঐতিহাসকি ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন-৩২% বাস্তবায়ন সম্পন্ন করা হয়েছে। ৬০ টি কারাগারে সিসিটিভি, হ্যান্ডহেল্ড মেটাল ডিটেক্টর সংযোজন করা হয়েছে। কারা বন্দিদের জন্য প্রাথমিক (অক্ষর জ্ঞান) ও ধর্মীয় শিক্ষা বৃদ্ধি করা হয়েছে। ২৪৬৯২ জনকে প্রাথমিক (অক্ষর জ্ঞান) ও ধর্মীয় শিক্ষা প্রদান করা হয়েছে। ছাড়পত্র প্রাপ্ত ৩৬৯ টি পদে জনবল নিয়োগের পরীক্ষা গ্রহণ করা হয়েছে। মাঠ পর্যায়ে অভিযোগ সরাসরি নিস্পত্তির লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে গণশুনানির আয়োজন করা হয়েছে ৪৫৫ টি। কারা বন্দিদের মামলা ভার্চুয়ালি পরিচালনার জন্য কারগারে ১টি কক্ষ উপযোগী করণ ও যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে ৫টি কারাগারে। বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ৫৪টি কারগারে কারাগারে সাংস্কৃতিক কার্যক্রম আয়োজিত হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

দেশের ৬৮টি কারাগারে ধারণ ক্ষমতার দ্বিগুণেরও অধিক কারাবন্দি অবস্থান করায় সীমিত জনবল ও লজিস্টিক সাপোর্টের মাধ্যমে তাদের সার্বিক নিরাপত্তা ও স্বাস্থ্য সেবা নিশ্চিত করা কারা অধিদপ্তরের জন্য বড় চ্যালেঞ্জ হিসেবে বিবেচিত হচ্ছে।

**ভবিষ্যত পরিকল্পনা:**

কারাবন্দিদের আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আওতায় জরাজীর্ন ও পুরাতন কারাগারসমূহকে সম্প্রসারন ও আধুনিকায়ন করা হবে। সকল কারাগারে মোবাইল ফোন বুথ স্থাপন করা হবে। পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগারের বিদ্যমান জমিতে 'পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কারা স্মৃতি জাদুঘর এবং জাতীয় চার নেতা কারা স্মৃতি জাদুঘরের সম্প্রসারন ও আধুনিকায়ন করা হবে। কর্মকর্তা-কর্মচারীদের আধুনিক ও যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ঢাকা জেলার কেরানীগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিব কারা প্রশিক্ষণ একাডেমি এবং বন্দী, কর্মচারী এবং জনসাধারনের সুচিকিৎসার জন্য কেন্দ্রীয় কারা হাসপাতাল নির্মাণ করা হবে। জামালপুর, কুমিল্লা কারাগার পুনঃ নির্মাণ এবং নরসিংদীওঠাকুরগাঁওজেলা কারাগার নির্মাণ।

**২০২৪-২৫অর্থ বছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :**

কারাগারের ধারণ ক্ষমতা ৪৫,০০০তে উন্নীত করা হবে;
৪০টি কারাগারে কারাবন্দিকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানকার্যক্রমসম্প্রসারণ করা হবে;
৩৫টি কারাগারে লভ্যাংশ প্রদান কার্যক্রম সম্প্রসারণ
কারাগার সমূহে মাদকাসক্ত বন্দিদের জন্য ১৬০০ টি কাউন্সেলিং কার্যক্রম সম্পন্ন করা
০৫ টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন চলমান রাখা হবে;

## সেকশন-১

### রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ এবং কার্যাবলি

১.১ **রূপকল্প:**

রাখিব নিরাপদ দেখাব আলোর পথ।

১.২ **অভিলক্ষ্য:**

বন্দিদের নিরাপদ আটক নিশ্চিতকরণ, কারাগারের কঠোর নিরাপত্তা ও শৃংখলা বজায় রাখা, বন্দিদের সাথে মানবিক আচরণ, তাদের যথাযথ বাসস্থান, খাদ্য, চিকিৎসা ও আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব ও আইনজীবির সাথে সাক্ষাতের সুযোগ দান এবং সুনাগরিক হিসেবে সমাজে পুনর্বাসনের লক্ষ্যে উদ্বুদ্ধকরণ ও উপযুক্ত প্রশিক্ষণ প্রদান।

১.৩ **কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ :**

১। কারাবন্দিদের আবাসন সমস্যা দূরীকরণ;
২। কারাবন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা;
৩। কারাবন্দিদের আইনগত সহায়তা প্রদান;
৪। কারাগারে নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়ন করা;
৫। বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার জন্য কার্যক্রম গ্রহণ করা;

১.৪ **কার্যাবলী :**

১. বন্দিদের নিরাপদ আটক নিশ্চিতকরণ ও শৃংখলা নিয়ন্ত্রণ ;
২. কারা বন্দিদের স্বাস্থ্যসম্মত আবাসন, পুষ্টি, স্বাস্থ্য ও শিক্ষা নিশ্চিতকরণ ;
৩. বন্দিদের আইনগত সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ ;
৪. বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার জন্যকার্যক্রম গ্রহণ করা;
৫. সাজাপ্রাপ্ত বন্দিদের প্রাপ্য রেয়াত মঞ্জুর এবং শৃংখলা ভঙ্গের জন্য সাজা প্রদান ;
৬. বন্দিদের সমাজে পূর্নবাসনের লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ নাগরিক হিসেবে গড়ে তোলা ;
৭. মাদকাসক্ত বন্দিদের চিকিৎসা সেবা নিশ্চিতকরণ ;

সেকশন-২

## কারা অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব(Outcome/Impact)

| আউটকাম (Outcome) | কর্মসম্পাদন (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপন | | অধিদপ্তরের নির্ধারিত প্রভাব অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়ী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | | |
| ১. কারাবন্দিদের আবাসন সমস্যা দূরীকরণ | ১.১ বৃদ্ধিপ্রাপ্ত ধারণ ক্ষমতা | সংখ্যা (বন্দী) (ক্রমপুঞ্জিত) | ৪২৮৬৬ | ৪৩০০০ | ৪৫০০০ | ৪৬০০০ | ৪৭০০০ | অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, গণপূর্ত ও স্থাপত্য অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা |
| ২.কারাবন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা | ২.১ উৎপাদিত পণ্যের বিপরীতে প্রদানকৃত লভ্যাংশ | সংখ্যা (কারাগার) (ক্রমপুঞ্জিত) | ৩১ | ৩৩ | ৩৫ | ৩৮ | ৪০ | অর্থ বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা ও অষ্টম পঞ্চ বার্ষিক পরিকল্পনা |
| ৩. বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার জন্য কার্যক্রম গ্রহণ করা | ৩.১ কারাগারে সাংস্কৃতিক কার্যক্রম গ্রহণ এর জন্য আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান | সংখ্যা (কারাগার) (সমষ্টি) | ২৫ | ৫৪ | ৬০ | ৬২ | ৬৮ | অর্থ বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা |

## সেকশন -৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচক | গণণা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | প্রক্ষেপন ২০২৪-২৫ | প্রক্ষেপন ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারন | অতি উত্তম | উত্তম | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | | |
| কারা বিভাগের কার্যক্রম | | | | | | | | | | | | | |
| (১) কারাবন্দিদের আবাসন সমস্যা দূরীকরণ | ২৭ | (১.১) আবাসন সমস্যা দূরীকরণের লক্ষ্যে ধারণ ক্ষমতা বৃদ্ধিকরণ | (১.১.১) বৃদ্ধিপ্রাপ্ত ধারণ ক্ষমতা | ক্রমপুঞ্জিত | সংখ্যা | ৩ | ৪২৮৬৬ | ৪৩০০০ | ৪৫০০০ | ৪৩৭৫০ | ৪৩৭৪০ | ৪৬০০০ | ৪৭০০০ |
| | | | (১.১.২) নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প | ক্রমপুঞ্জিত | শতকরা | ৪ | ৪৯ | ৬৭ | ৭৫ | ৬৮ | ৬৫ | ৮০ | ১০০ |
| | | | (১.১.৩) জামালপুর জেলা কারাগার পুন: নির্মাণ প্রকল্প | ক্রমপুঞ্জিত | শতকরা | ৪ | ৭ | ১২ | ২০ | ১৯ | ১৮ | ৩০ | ৪০ |
| | | | (১.১.৪) কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুনঃ নির্মাণ প্রকল্প | ক্রমপুঞ্জিত | শতকরা | ৪ | ২৬ | ৩৫ | ৪০ | ৩৯ | ৩৮ | ৫০ | ৬০ |
| | | | (১.১.৫) ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প | ক্রমপুঞ্জিত | শতকরা | ৪ | ৪০ | ৫০ | ৫৫ | ৫৪ | ৫৩ | ৬০ | ৭০ |
| | | | (১.১.৬) পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষন ও পারিপাশ্বিক উন্নয়ন প্রকল্প | ক্রমপুঞ্জিত | শতকরা | ৪ | ২৫ | ৩১ | ৪০ | ৩৯ | ৩৮ | ৫০ | ৬০ |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | (১.১.৭) রাজশাহী কেন্দ্রীয় কারাগার পুনঃনির্মাণ প্রকল্পের ডিপিপি প্রণয়ন ও মন্ত্রণালয়ে প্রেরণ | সমষ্টি | তারিখ | ২ | - | | ৩০-৪-২০২৫ | ১-৫-২০২৫ | ১৫-৫-২০২৫ | - | - |
| | | | (১.১.৮) রংপুর কেন্দ্রীয় কারাগার পুনঃনির্মাণ প্রকল্পের ডিপিপি প্রণয়ন ও মন্ত্রণালয়ে প্রেরণ | সমষ্টি | তারিখ | ২ | - | - | ৩০-৪-২০২৫ | ১-৫-২০২৫ | ১৫-৫-২০২৫ | - | - |
| (২) কারাবন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা | ২০ | (২.১) কারাবন্দিদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান | (২.১.১) কারাবন্দিদের জন্য পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম বিভিন্ন কারাগারে সম্প্রসারণ | ক্রমপুঞ্জিত | সংখ্যা (কারাগার) | ৫ | ৩৩ | ৩৮ | ৪০ | ৩৯ | ৩৮ | ৪২ | ৪৫ |
| | | (২.২) মাদকাসক্ত বন্দিদের চিকিৎসা প্রদান | (২.২.১)কারাগার সমূহে মাদকাসক্ত বন্দিদের কাউন্সেলিং কার্যক্রম | সভা | সংখ্যা | ৫ | ১৪১৭ | ১৫০০ | ১৬০০ | ১৫৫৬ | ১৫২০ | ১৭০০ | ১৮০০ |
| | | | (২.২.২) কারাগারসমূহে মাদকাসক্ত বন্দিদের জন্য বিশেষ ওয়ার্ড চালুকরণ ও চিকিৎসা প্রদান | ক্রমপুঞ্জিত | সংখ্যা (কারাগার) | ৫ | ১৫ | ৩৫ | ৫০ | ৪৯ | ৪৮ | ৬০ | ৬৮ |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | (২.৩) উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% সংশ্লিষ্ট বন্দিকে প্রদান | (২.৩.১) লভ্যাংশ প্রদান কার্যক্রম বিভিন্ন কারাগারে সম্প্রসারণ | ক্রমপুঞ্জিত | সংখ্যা (কারাগার) | ৫ | ৩১ | ৩৩ | ৩৫ | ৩৪ | ৩৩ | ৩৮ | ৪০ |
| (৩) কারা বন্দিদের আইনগত সহায়তা প্রদান | ১৪ | (৩.১) কারা বন্দিদের মামলা নিস্পত্তির জন্য সহায়তা প্রদান | (৩.১.১) দীর্ঘদিন বিনা বিচারে আটক বন্দীদের তালিকা মামলা নিস্পত্তির জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা। | সমষ্টি | সংখ্যা | ৪ | - | ১২ | ১২ | ১১ | ১০ | ১২ | ১২ |
| | | | (৩.১.২ ) কারা বন্দিদের জন্য প্রাথমিক শিক্ষা ও ধর্মীয় শিক্ষা বৃদ্ধি করা | সমষ্টি | সংখ্যা (বন্দি) | ৩ | - | ২৪৬৯২ | ২৫০০০ | ২৪৯০০ | ২৪৮০০ | ২৫৫০০ | ২৬০০০ |
| | | | (৩.১.৩ ) মাঠ পর্যায়ে অভিযোগ সরাসরি নিস্পত্তির লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে গণশুনানির আয়োজন করা | সমষ্টি | সংখ্যা (সভা) | ৪ | - | ৪৫৫ | ৫০০ | ৪৫০ | ৪৪০ | ৫৫০ | ৬০০ |
| | | | (৩.১.৪) কারা বন্দিদের মামলা ভার্চুয়ালি পরিচালনার জন্য কারাগারে ১টি কক্ষ উপযোগী করণ ও যন্ত্রপাতি স্থাপন | সমষ্টি | সংখ্যা | ৩ | - | ৫ | ৮ | ৭ | ৬ | ১০ | ১৫ |
| (৪) কারাগারের নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়ন করা | ৫ | (৪.১) কারাগারের নিশ্ছিদ্র নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে অনুমোদিত শূন্য পদ পূরণ | (৪.১.১) ছাড়পত্র প্রাপ্ত শুন্য পদ পূরণ | সমষ্টি | তারিখ | ৫ | - | ৩৬৯টি | ১৫-৫-২০২৫ | ১৫-৬-২০২৫ | ৩০-৬-২০২৫ | - | - |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (৫) বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার জন্য কার্যক্রম গ্রহণ করা | ৪ | (৫.১) বন্দিদের মানসিক বিষন্নতা দূর করা | (৫.১.১) কারাগারে সাংস্কৃতিক কার্যক্রম গ্রহণ এর জন্য আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান | সমষ্টি | সংখ্যা (কারাগার) | ৪ | ২৫ | ৫৪ | ৬০ | ৫৯ | ৫৫ | ৬২ | ৬৮ |

সংযোজনী - ১

**শব্দসংক্ষেপ (Acronyms) :**

| **ক্রমিক** | **শব্দসংক্ষেপ (Acronyms)** | **বিবরণ** |
|---|---|---|
| ১ | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্ল্যান |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|---|
| ১. কারাবন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা | (১.১) কারাবন্দিদের পুনর্বাসনের জন্য কার্যক্রম বাস্তবায়ন | (১.১.১) বিভিন্ন ট্রেডে প্রদানকৃত প্রশিক্ষণ এবং লভ্যাংশ প্রদান কার্যক্রম সম্প্রসারণ | কারা অধিদপ্তর | কারা অধিদপ্তরের প্রতিবেদন |
| | (১.২) মাদকাসক্ত বন্দিদের চিকিৎসা প্রদান | (১.২.১) কারাগারসমূহে মাদকাসক্ত বন্দিদের কাউন্সেলিং কার্যক্রম | কারা অধিদপ্তর | কারা অধিদপ্তরের প্রতিবেদন |
| | | (১.২.২) কারাগারসমূহে মাদকাসক্ত বন্দিদের জন্য বিশেষ ওয়ার্ড চালুকরণ ও চিকিৎসা প্রদান | কারা অধিদপ্তর | কারা অধিদপ্তরের প্রতিবেদন |
| ২. কারাগারের নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়ন করা | (২.১) কারাগারের নিশ্ছিদ্র নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে অনুমোদিত শূন্য পদ পূরণ | (২.১.১) ছাড়পত্র প্রাপ্ত শুন্য পদ পূরণ | কারা অধিদপ্তর | কারা অধিদপ্তরের প্রতিবেদন |
| ৩. কারাবন্দিদের আবাসন সমস্যা দূরীকরণ | (৩.১) কারা বন্দিদের আবাসন সমস্যা দূরীকরণ | (৩.১.১) বন্দি ধারণ ক্ষমতা বৃদ্ধিকরণ | কারা অধিদপ্তর | কারা অধিদপ্তরের প্রতিবেদন |
| | | (৩.১.২) নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | প্রকল্প পরিচালকের প্রতিবেদন |
| | | (৩.১.৩) জামালপুর জেলা কারাগার পুন: নির্মাণ প্রকল্পের নির্মাণ কাজ বাস্তবায়ন | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | প্রকল্প পরিচালকের প্রতিবেদন |
| | | (৩.১.৪) কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুনর্নির্মাণ শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | প্রকল্প পরিচালকের প্রতিবেদন |
| | | (৩.১.৫) ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | প্রকল্প পরিচালকের প্রতিবেদন |
| | | (৩.১.৬) পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষন ও পারিপাশ্বিক উন্নয়ন প্রকল্প | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | প্রকল্প পরিচালকের প্রতিবেদন |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|---|
| | | (৩.১.৭) রাজশাহী কেন্দ্রীয় কারাগার পুনঃনির্মাণ প্রকল্পের ডিপিপি প্রণয়ন ও মন্ত্রণালয়ে প্রেরণ | গণপূর্ত অধিদপ্তর ও কারা অধিদপ্তর | কারা অধিদপ্তরের প্রতিবেদন |
| | | (৩.১.৮) রংপুর কেন্দ্রীয় কারাগার পুনঃনির্মাণ প্রকল্পের ডিপিপি প্রণয়ন ও মন্ত্রণালয়ে প্রেরণ | গণপূর্ত অধিদপ্তর ও কারা অধিদপ্তর | কারা অধিদপ্তরের প্রতিবেদন |

সংযোজনী ৩:

## অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| (১) মাদকাসক্ত বন্দিদের চিকিৎসা প্রদান | (১.১.১) কারাগারসমূহে মাদকাসক্ত বন্দিদের জন্য বিশেষ ওয়ার্ড চালুকরণ ও চিকিৎসা প্রদান | কারাগার, গণপূর্ত অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তরএবং মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | কারাগার, গণপূর্ত অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস এবং প্রয়োজনীয় চিকিৎসক পদায়নের জন্য স্বাস্থ্য অধিদপ্তর এবং কাউন্সেলিংয়ের জন্য মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপর নির্ভর করতে হয়। |
| (২) কারাবন্দিদেরআবাসনসমস্যা দূরীকরণ | (২.১.১) বন্দি ধারণ ক্ষমতা বৃদ্ধিকরণ | গণপূর্তঅধিদপ্তর এবং কারা অধিদপ্তর | সকল উন্নয়নমূলক কার্যক্রম গণপূর্ত অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসের মাধ্যমে এবং কারা কর্তৃপক্ষের মাধ্যমেবাস্তবায়িত হয়ে থাকে |
| | (২.১.২) নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন | গণপূর্ত অধিদপ্তর | সকল উন্নয়নমূলক কার্যক্রম গণপূর্ত অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসের মাধ্যমে বাস্তবায়িত হয়ে থাকে |
| | (২.১.৩) জামালপুর জেলা কারাগার পুন: নির্মাণ প্রকল্পের নির্মাণ কাজ বাস্তবায়ন | গণপূর্ত অধিদপ্তর | সকল উন্নয়নমূলক কার্যক্রম গণপূর্ত অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসের মাধ্যমে বাস্তবায়িত হয়ে থাকে |
| | (২.১.৪) কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুনর্নির্মাণ শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন | গণপূর্ত অধিদপ্তর | সকল উন্নয়নমূলক কার্যক্রম গণপূর্ত অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসের মাধ্যমে বাস্তবায়িত হয়ে থাকে |
| | (২.১.৫) ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প | গণপূর্ত অধিদপ্তর | সকল উন্নয়নমূলক কার্যক্রম গণপূর্ত অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসের মাধ্যমে বাস্তবায়িত হয়ে থাকে |
| | (২.১.৬) পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষন ও পারিপার্শ্বিক উন্নয়ন প্রকল্প | গণপূর্ত অধিদপ্তর | সকল উন্নয়নমূলক কার্যক্রম গণপূর্ত অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসের মাধ্যমে বাস্তবায়িত হয়ে থাকে |
| | (২.১.৭) রাজশাহী কেন্দ্রীয় কারাগার পুনঃনির্মাণ প্রকল্পের ডিপিপি প্রণয়ন ও মন্ত্রণালয়ে প্রেরণ | গণপূর্ত অধিদপ্তর | সকল উন্নয়নমূলক কার্যক্রম গণপূর্ত অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসের মাধ্যমে বাস্তবায়িত হয়ে থাকে |
| | (২.১.৮) রংপুর কেন্দ্রীয় কারাগার পুনঃনির্মাণ প্রকল্পের ডিপিপি প্রণয়ন ও মন্ত্রণালয়ে প্রেরণ | গণপূর্ত অধিদপ্তর | সকল উন্নয়নমূলক কার্যক্রম গণপূর্ত অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসের মাধ্যমে বাস্তবায়িত হয়ে থাকে |

# <u>অঙ্গীকারনামা</u>

আমি ব্রিগেডিয়ার জেনারেল এ এস এম আনিসুল হক, কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

------------------------
কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

-------------------------
তারিখ

-------------------------
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

--------------------------
তারিখ